গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শা খা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯০.২০১৬-৮২৬

তারিখঃ .০৫.১৪২৩বঙ্গাব্দ
২৬.০৮.২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মনজুর মোর্শেদ, মেডিকেল অফিসার (শিশু), প্রকল্পভূক্ত, সদর হাসপাতাল, কক্সবাজার গত ১১.১০.২০০৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১০.১০.২০০৯ তারিখ সরকারি চাকুরীতে তাঁর অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মনজুর মোর্শেদ, মেডিকেল অফিসার (শিশু), প্রকল্পভূক্ত, সদর হাসপাতাল, কক্সবাজার এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১১.১০.২০০৯খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

২৩/৮/১৬
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯০.২০১৬- ৮২৬/১(১০)

তারিখঃ ২৬.০৮.২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। উপসচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মনজুর মোর্শেদ, মেডিকেল অফিসার (শিশু), প্রকল্পভূক্ত, সদর হাসপাতাল, কক্সবাজার ((স্থায়ী ঠিকানাঃ- গ্রাম ও ডাকঘর-গাছবাড়ীয়া, থানা-চন্দনাইশ, জেলা-চট্টগ্রাম)।

(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Order (NI)\BSR-34 order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৬- ১২৮২ তারিখঃ ২১.০৮.২০১৬খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ নাবাউন নুর নীপা (১১৩৩৯৪), প্রাক্তন মেডিকেল অফিসার (গাইনী), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা গত ০১.০৮.২০১৫খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১৫.০৩.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৬-২৩৩নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

২১.০৮.২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ নাবাউন নুর নীপা (১১৩৩৯৪)
প্রাক্তন মেডিকেল অফিসার (গাইনী)
শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা।
(স্থায়ী ঠিকানা-পিতা-মোঃ বজলুর রহমান, গ্রাম-আব্দুল্লাহআউর, ডাকঘর-চরসুবদ্দি, থথানা-রায়পুরা, জেলা-নরসিংদী)
(যোগাযোগ ঠিকানাঃ- 'Clinical Fellow (ST1/2) in Obstretrics & Gynaecology' Barts and the London NHS Trust, UK)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৬-১২৮২/১(৫) তারিখঃ ২১.০৮.২০১৬খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৪। উপসচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

২১/০৮/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Showcause\2nd showcase.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৪.২০১৬-৬২৯ তারিখঃ ৩১.০৮.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ এস. এম. রাসেল ফারুক (১৩১১৫৬), মেডিকেল অফিসার, বগা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাউফল, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ এস. এম. রাসেল ফারুক (১৩১১৫৬)-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২.১০.২০১৪ তারিখের আদেশে মেডিকেল অফিসার হিসেবে বগা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাউফল, পটুয়াখালীতে পদায়ন করা হলে আপনি যথাসময়ে পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করে ১২.১০.২০১৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০৭.০৪.২০১৫ তারিখে আপনার দাখিলকৃত আবেদনপত্রের সাথে সংযুক্ত মেডিকেল সার্টিফিকেট সমূহ এবং হাসপাতালে চিকিৎসা গ্রহণ সংক্রান্ত কাগজপত্র ভূয়া প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উপরিল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ এস. এম. রাসেল ফারুক (১৩১১৫৬)
মেডিকেল অফিসার
বগা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাউফল, পটুয়াখালী।
(স্থায়ী ঠিকানাঃ-পিতা- মোঃ আব্দুর রশীদ, গ্রাম-যাত্রা, ডাক-আংগুরিয়া বন্দর, থানা-দুমকী, জেলা-পটুয়াখালী)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৪.২০১৬-৬২৯/১(৬) তারিখঃ ৩১.০৮.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৪। সিভিল সার্জন, পটুয়াখালী।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাউফল, পটুয়াখালী।

৩১/০৮/২০১৬

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

ডাঃ এস. এম. রাসেল ফারুক (১৩১১৫৬)-কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২.১০.২০১৪ তারিখের আদেশে মেডিকেল অফিসার হিসেবে বগা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাউফল, পটুয়াখালীতে পদায়ন করা হলে তিনি যথাসময়ে পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করে ১২.১০.২০১৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। গত ০৭.০৪.২০১৫ তারিখে তার দাখিলকৃত আবেদনপত্রের সাথে সংযুক্ত মেডিকেল সার্টিফিকেট সমূহ এবং হাসপাতালে চিকিৎসা গ্রহণ সংক্রান্ত কাগজপত্র ভূয়া প্রমাণিত হয়েছে। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’ হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’ এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৬- ৬২২ তারিখঃ ৩১ .০৮.২০১৬খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ শামীম রেজা (১২৫২৫৬), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নোয়াখালী গত ২৯.০৫.২০১৪খ্রিঃ তারিখ হতে ০২.০২.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৬.০৪.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৬-৩১৯নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

৩০/০৮/২০১৬
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ শামীম রেজা (১২৫২৫৬)
ইমার্জেন্সি মেডিকেল অফিসার
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নোয়াখালী।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৬- ৬২২/১(৪) তারিখঃ ৩১ .০৮.২০১৬খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নোয়াখালী (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

৩১/০৮/২০১৬
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-2015-16)\Showcause\2nd shocase.doc